

নং-এসএমইএফ/বিএসএস-০৩/এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা/২০১৬-১১৭৭

তারিখঃ ১২ নভেম্বর ২০১৫

অধ্যাপক ড. এস এম নজরুল ইসলাম  
উপাচার্য  
বাংলাদেশ ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী  
ঢাকা-১০০০

বিষয়ঃ এসএমই ফাউন্ডেশন আয়োজিত 'জাতীয় এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০১৬' এ ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের বিষয়ে সহযোগিতা প্রসঙ্গে।

মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে নতুন ও সম্ভাবনাময় ব্যবসায়িক ধারণা খুঁজে বের করা, নতুন উদ্যোক্তা তৈরী ও সৃজনশীল এসএমই খাত উদ্ভাবনের লক্ষে এসএমই ফাউন্ডেশন 'জাতীয় এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০১৬' আয়োজন করতে যাচ্ছে। এ প্রতিযোগিতায় সরকারি ও বেসরকারি বিভিন্ন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, গ্রাজুয়েট এবং এসএমই উদ্যোক্তাগণ নতুন নতুন ব্যবসায়িক ধারণা নিয়ে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতায় বিজয়ীদের জন্য পুরস্কারের ব্যবস্থা আছে। ১ম পুরস্কার- ৩ লক্ষ টাকা, ২য় পুরস্কার- ২ লক্ষ টাকা এবং ৩য় পুরস্কার- ১ লক্ষ টাকা।

২। আবেদনপত্র সংগ্রহ এবং যাচাই-বাছাই এর পর প্রাথমিকভাবে নির্বাচিতদের ব্যবসায় পরিকল্পনা তৈরীর কৌশল এবং নিয়মাবলীর বিষয়ে একটি প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণের পর নির্দিষ্ট সময়সীমার মধ্যে জমাকৃত ব্যবসায় পরিকল্পনাসমূহ এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত জুরি বোর্ড পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ণ করে যোগ্যতার ক্রমানুসারে চূড়ান্তভাবে ১ম, ২য় ও ৩য় স্থান বিজয়ী নির্বাচিত করবেন। প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রাথমিক আবেদন জমা দেয়ার শেষ তারিখ ২০ ডিসেম্বর ২০১৫।

৩। 'জাতীয় এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০১৬' কর্মসূচি সম্পর্কে আপনার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অবহিত করা এবং প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করার জন্য আপনার সহযোগিতা একান্ত প্রয়োজন। এ বিষয়ের সাথে সংশ্লিষ্ট আপনার বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্টসমূহের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের বিতরণের জন্য প্রতিযোগিতার আবেদন ফরম ও লিফলেটের কিছু কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৪। এ বিষয়ে আরোও তথ্যের প্রয়োজন হলে ০১৭২৪১৬৬৭২৭ অথবা ০১৮১৯৪৭৬৫৪২ নম্বরে এসএমই ফাউন্ডেশনের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

৫। এমতাবস্থায়, 'জাতীয় এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০১৬' কর্মসূচি সম্পর্কে আপনার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অবহিত করা এবং প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

গভীর শ্রদ্ধাসহ,

মোঃ সফিকুল ইসলাম  
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তঃ

১। আবেদন ফরম- ০১ কপি (প্রয়োজনে ফটোকপি করে বিতরণ করার জন্য)

২। প্রতিযোগিতার লিফলেট-১০ কপি।

All interested students are requested to contact  
CGE office.

ফোনঃ ৮১৪২৯৮৩, ০৯৬৬৯৩০০০০১-২ ফ্যাক্সঃ ৮১৪৩০৪৪, ই-মেইলঃ info@smef.org.bd, ওয়েবসাইটঃ www.smef.org.bd

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ছাত্রকল্যাণ পরিদপ্তর

নং- ছাক/বিবিধ/ডি.আর.-৩৮৪

তারিখঃ ০৫/১২/২০১৫

অবগতি ও শিক্ষার্থীদের মধ্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহঃ: